

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
হাসপাতাল-২ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-স্বাপকম/হাস-২/বিবিধ-৩৯/২০০৫/

তারিখঃ ৩১-০৮-২০১৬ খ্রিঃ

বিষয়ঃ আইন শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত সরকারি কর্মকর্তা/কর্মচারীদের বেসরকারি হাসপাতাল/ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টারে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনগণের জানমালের নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণ সরকারি দায়িত্ব পালনরত অবস্থায় আহত/আক্রান্ত হলে তাদের তাৎক্ষণিক চিকিৎসা সেবা বিনামূল্যে প্রদান নিশ্চিত করণে মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় মহোদয় অভিপ্রায় ব্যক্ত করেছেন।

০২। এমতাবস্থায়, দায়িত্ব পালনরত অবস্থায় আহত/আক্রান্ত সকল পর্যায়ের আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের বিনামূল্যে চিকিৎসা সেবা নিশ্চিত করার জন্য দেশের সকল নিবন্ধিত বেসরকারি হাসপাতাল/ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টার কর্তৃপক্ষকে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

৫১

(রেহানা ইয়াছমিন)  
উপসচিব  
ফোন- ৯৫৫৬৯৮৯

বিতরণঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সকল বেসরকারি হাসপাতাল/ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টার কর্তৃপক্ষ বরাবর পত্রটি পৃষ্ঠাংকন করে প্রেরণের অনুরোধসহ)।
- ২। সভাপতি/মহাসচিব, বাংলাদেশ বেসরকারি ক্লিনিক ও হাসপাতাল মালিক সমিতি, সড়ক-১৪, বাড়ী-৮/৩, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা।

স্মারক নং-স্বাপকম/হাস-২/বিবিধ-৩৯/২০০৫/ ৫৫৫৪/১ (৭)

তারিখঃ ৩১-০৮-২০১৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(রেহানা ইয়াছমিন)  
উপসচিব